তারিখ 11 DEC 1990
পৃষ্ঠা ৭ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

## এসএসসি এইচএসসি ও মাদ্রাসা পরীক্ষার সময়সূচী

বাসস জানায়, ১৯৯১ সনের এসএসসি পরীক্ষা আগামী ২রা মে হইতে ১৮ই মের মধ্যে অনুষ্ঠিত হইবে। একই বছরের এইচ এসসি

(৭ম পৃঃ দ্রঃ)

## এসএসসি ও এইচএসসি

(১ম পৃঃ পর)

পরীক্ষা হইবে ৩০শে জুন হইতে ২৫শে জুলাই পর্যন্ত।

১৯৯১ সনের দাখিল পরীক্ষা ২১শে এপ্রিল হইতে ৩০শে এপ্রিলের মধ্যে; আলিম, ফাজিল এবং কামিল পরীক্ষা হইবে ৩০শে মে হইতে ১৯শে জুনের মধ্যে।

### অন্যান্য পরীক্ষার সময়সূচী

১৯৯১ সনের ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা ৭ই জুলাই হইতে ২৫শে জুলাইর মধ্যে হইবে। প্রকৌশল ডিপ্লোমা (১৯৮৮ সনের প্রথম পর্বের) পরীক্ষা ২৩শে ডিসেম্বর হইতে ১০ই জানুয়ারীর মধ্যে হইবে। ১৯৯০ সনের জুনিয়র বৃত্তি পরীক্ষা আগামী ২৯, ৩০ ও ৩১শে ডিসেম্বর হইবে।

বাংলাদেশের সর্বত্র ১৯৯০ সনের প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২৯শে ও ৩০শে ডিসেম্বর হইবে। বিস্তারিত সময়সূচী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা/থানা শিক্ষা অফিসারদেরকে জানানো হইয়াছে।

ঢাকা মেডিকেল কলেজ ও স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজের সেপ্টেম্বর '৯০ সনের অসমাপ্ত পরীক্ষাসমূহ ১৭ই ডিসেম্বর তারিখ হইতে শুরু হইবে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ১৯৮৮ সালের এমএসসির ৪১৫ নং কোর্সের চূড়ান্ত পরীক্ষা ১৮ই ডিসেম্বর এবং ৪১৮ নং কোর্সের চূড়ান্ত পরীক্ষা ২২শে ডিসেম্বর অনুষ্ঠিত হইবে। উভয় পরীক্ষা বেলা ১-৩০ মিঃ হইতে শুরু হইবে। ২৩, ২৪ ও ২৬শে ডিসেম্বর প্রতিদিন সকাল ৯টা হইতে উপরোক্ত কোর্সসমূহের মৌখিক পরীক্ষা হইবে।

### ক্লাস শুরু

ঢাকাস্থ মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের সকল বিভাগের ক্লাস শুরু করা হইয়াছে। আবাসিক ছাত্রসহ সকল ছাত্র-ছাত্রীকে অবিলম্বে ক্লাসে যোগদানের নির্দেশ দেওয়া হইয়াছে।

চট্টগ্রামস্থ বাংলাদেশ টেকনোলজি ইনিষ্টিটিউটের ক্লাস ২৩শে ডিসেম্বর শুরু হইবে।